“অবশ্যই জান্নাতীগণ তাদের উপরের প্রাসাদের অধিবাসীদের এমনভাবে দেখতে পাবে, যেমন তোমরা আকাশের পূর্ব অথবা পশ্চিম দিগন্তে উজ্জল স্থির তারকা দেখতে পাও। এটি হবে তাদের মর্যাদার ব্যবধানের জন্য।”

আবূ সা‘ঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “অবশ্যই জান্নাতীগণ তাদের উপরের প্রাসাদের অধিবাসীদের এমনভাবে দেখতে পাবে, যেমন তোমরা আকাশের পূর্ব অথবা পশ্চিম দিগন্তে উজ্জল স্থির
তারকা দেখতে পাও। এটি হবে তাদের মর্যাদার ব্যবধানের জন্য।” (সাহাবীগণ) বললেন, ‘হে আল্লাহর রাসূল! সেগুলো নবীগণের স্থান; তাঁরা ছাড়া অন্যরা সেখানে পৌঁছতে পারবে না?’ তিনি বললেন, “অবশ্যই, সেই সত্তার শপথ, যাঁর হাতে আমার প্রাণ! (সেখানে পৌঁছতে পারবে) তারা এমন কিছু লোক যারা আল্লাহর প্রতি ঈমান এনেছে ও রাসূলগণকে সত্য বলেছে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

জান্নাতীদের মর্যাদার ভিত্তিতে তাদের স্তরসমূহে তারতম্য হবে। এমনকি উচ্চ মর্যাদার অধিকারীদের তাদের নিচের স্তরের লোকেরা নক্ষত্রের মতো দেখতে পাবে।

http://sunnah.global/hadeeth/bn/show/8351